দৈনিক সংবাদ

তারিখ ... 04 MAY 1994 ..
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮

157

লিয়াজোঁ কমিটির সভার মূল্যায়ন

## সংশ্লিষ্ট শিক্ষকদের বাদ দিয়ে পরীক্ষা যে প্রহসন হবে তা প্রমাণিত হয়েছে

গতকাল মঙ্গলবার কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির এক সভায় বলা হয়, সংশ্লিষ্ট শিক্ষকদের বাদ দিয়ে পরীক্ষা গ্রহণ যে প্রহসনে পরিণত হবে এস এস সি পরীক্ষার প্রথম দিনে তা প্রমাণিত হয়েছে।

লিয়াজোঁ কমিটির অন্যতম আহ্বায়ক শেখ আমানুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বলা হয়, পরীক্ষার তিন-চারদিন

লিয়াজোঁ : পৃঃ ৬ কঃ ৪

### লিয়াজোঁ : মূল্যায়ন

(১ম পৃষ্ঠার পর)

আগে সরকার যেসব সুবিধা দেয়ার কথা ঘোষণা করেছে তাতে শতকরা ৫০ ভাগ শিক্ষকও লাভবান হবেন না। এমনকি সরকারের আর্থিক সীমাবদ্ধতার কারণে বেতন স্কেলের বাকি শতকরা ৩০ ভাগ এবছর দিতে না পারলে আগামী কোন নির্দিষ্ট সময়সীমার মধ্যে একবারে অথবা ক্রমান্বয়ে তা দেয়া হবে- একথাটিও সরকারিপক্ষ বলতে রাজি হয়নি। সভায় এ বিষয়ে সরকারের কাছে স্পষ্ট বক্তব্য দাবি করা হয়।

সভায় অন্যদের মধ্যে ডঃ ম, আখতারুজ্জামান, অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, হেনা দাস, আজিজুল হক শাহ, চৌধুরী খুরশীদ আলম ও অধ্যক্ষ এ, কে, এম জহিরুল ইসলাম বক্তব্য রাখেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।

বাংলাদেশ শিক্ষক আন্দোলন ঐক্য সংগ্রাম পরিষদের আহ্বায়ক আব্দুল জলিল ভূঁইয়া গতকাল মঙ্গলবার এক বিবৃতিতে শিক্ষকদের ওপর পুলিশী নির্যাতনের নিন্দা ও ধর্মঘটী শিক্ষকদের সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন।